

স্মারক নং-৩৮.০১.০০০০.০২০.০২.০৫০.২০২০-১৩৯

তারিখ : ০৩ ভাদ্র, ১৪২৭ বঃ
১৮ আগস্ট, ২০২০ খ্রিঃ


বিষয়ঃ শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ট্রাস্ট পরিচালিত “বৃত্তি পরীক্ষা-২০২০”-এ অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ট্রাস্ট পরিচালিত “বৃত্তি পরীক্ষা-২০২০” এ অংশগ্রহণের লক্ষ্যে আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফরমের নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হলো। ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার মান তথা মেধার ভিত্তিতে প্রতিটি বিদ্যালয়ের ২য় শ্রেণি হতে ৪র্থ শ্রেণি পর্যন্ত প্রত্যেক শ্রেণিতে মোট শিক্ষার্থীর সর্বোচ্চ ২০% হারে আবেদন করতে পারবে।

সে প্রেক্ষিতে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ছাত্র-ছাত্রীদের আবেদন ফরম পূরণপূর্বক ০৮/০৯/২০২০খ্রিঃ তারিখের মধ্যে এবং ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের সমাপনী পরীক্ষা-২০২০-এর ফলাফল প্রকাশের পরবর্তী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে উক্ত সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রীর মার্কসীট ও পরীক্ষার্থীর নাম, পিতা/মাতা/অভিভাবকের নাম সম্বলিত তালিকা অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে বিদ্যালয় হতে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীদের নাম, শ্রেণি, পিতা/মাতা/অভিভাবকের নাম সম্বলিত তালিকা Nikosh ফন্টে সফট কপি ই-মেইলে (ই-মেইল: sktdpe@gmail.com) এবং হার্ডকপি রেজিঃ ডাকযোগে প্রেরণ করতে হবে। সমাপনী পরীক্ষা-২০২০-এর ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের তালিকা একই নিয়মে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায় “বৃত্তি পরীক্ষা-২০২০”-এ অংশগ্রহণের জন্য আপনার বিদ্যালয়ের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি হতে আবেদনকারী গণের আবেদনপত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে এবং সমাপনী পরীক্ষা-২০২০ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের তালিকা ফলাফল প্রকাশের পরবর্তী ১৫ দিনের মধ্যে অত্র অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: নমুনা ফরম-০১ ফর্দ।


(হাবিবুর রহমান)
পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০৭৪৮৮৪
ই-মেইলঃ- sktdpe@gmail.com

প্রধান শিক্ষক (সকল),
শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়.....।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল।

- ১) জেলা প্রশাসক (সকল),
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট),
- ৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
- ৪) উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট),
- ৫) অফিস কপি ।

প্রধান শিক্ষক কর্তৃক
সত্যায়িত ছবি ১
কপি

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.skt.gov.bd



শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিশু কল্যাণ ট্রাস্ট “বৃত্তি পরীক্ষা-২০২০”-এ অংশগ্রহণের জন্য আবেদনপত্র।

- (১) ছাত্র/ছাত্রীর নামঃ , শ্রেণি-.....।
জন্ম তারিখঃ...../...../....., বয়স..... বৎসর..... মাস..... দিন।
- (২) মাতার নামঃ....., পেশাঃ.....।
- (৩) পিতা/অভিভাবক নামঃ....., পেশাঃ.....।
- (৪) স্থায়ী ঠিকানাঃ.....।
- (৫) বিদ্যালয়ের নাম ও ঠিকানাঃ.....।
- (৬) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে প্রথম ভর্তি হয়েছেঃ শ্রেণিঃ....., তারিখঃ...../...../.....।
- (৭) (ক) বিদ্যালয়ে উপস্থিতির হারঃ.....।
(খ) বার্ষিক পরীক্ষায় অর্জিত নম্বরের শতকরা হারঃ.....।
- (৮) মাতা/পিতা/অভিভাবক কর্তৃক অঞ্জীকারঃ আমি এই মর্মে অঞ্জীকার করছি যে, আমার পুত্র-কন্যা/পোষ্যকে শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক বৃত্তি প্রদান করা হলে আমি তাকে (ক) পূর্ণ কালীন শিক্ষার্থী হিসেবে পড়াতে আগ্রহী। (খ) মাধ্যমিক (এসএসসি) পর্যন্ত পড়াতে সচেষ্ট থাকবো এবং তার লেখাপড়ার ক্ষেত্রে সাধ্যমত যত্ন নিব। সে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় নং-....., উপজেলা-....., জেলা-....., শ্রেণির ছাত্র/ছাত্রী।

মাতা/পিতা/অভিভাবকের নামসহ স্বাক্ষর/টিপসই

(৯) **প্রধান শিক্ষকের সুপারিশসহ স্বাক্ষর ও সীল**

.....

প্রধান শিক্ষক কর্তৃক
সত্যায়িত ছবি ১
কপি

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.skt.gov.bd



শিশু কল্যাণ ট্রাস্ট “বৃত্তি পরীক্ষা-২০২০” এর প্রবেশপত্র

বিদ্যালয় কর্তৃক পূরনীয়ঃ

- পরীক্ষার্থীর নামঃ....., মাতা/পিতার নামঃ.....।
শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নামঃ.....।
শ্রেণিঃ....., পরীক্ষার্থীর স্বাক্ষরঃ.....।

শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পূরনীয়ঃ

- পরীক্ষার কেন্দ্রঃ....., রোল নং-.....।
পরীক্ষার তারিখঃ..... সময়ঃ.....।

উপ-পরিচালক
শিশু কল্যাণ ট্রাস্ট